



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২  
www.ddm.gov.bd

১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১৩৫

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

#### ১। আবহাওয়ার সতর্কবার্তা:

সমুদ্রবন্দরসমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

২। আজ ১৫ মে, ২৪ শি: তারিখ দুপুর ১.০০ টা হইতে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

৩। আজ ১৫ মে, ২০২৪ শি: তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ থেকে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

#### পূর্বাভাস:

প্রথম দিন (১৫.০৫.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

তাপপ্রবাহঃ রাজশাহী, রংপুর, খুলনা ও সিলেট বিভাগসহ টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, রাঙ্গামাটি, কুমিল্লা, নোয়াখালী, ফেনী, কক্সবাজার, ভোলা এবং পটুয়াখালী জেলাসমূহের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে ও বিস্তার লাভ করতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

দ্বিতীয় দিন (১৬.০৫.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

তাপপ্রবাহঃ চলমান তাপপ্রবাহ পরিস্থিতি অব্যাহত থাকতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

তৃতীয় দিন (১৭.০৫.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

তাপপ্রবাহঃ চলমান তাপপ্রবাহ পরিস্থিতি অব্যাহত থাকতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা: এ সময়ের শেষের দিকে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাত হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	রাজশাহী	রংপুর	ময়মনসিংহ	সিলেট	চট্টগ্রাম	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৬.৫	৩৭.৬	৩৮.৪	৩৬.০	৩৬.৪	৩৭.৫	৩৭.০	৩৬.২
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.৬	২৬.০	২৪.৪	২৫.৭	২৬.৫	২৭.৬	২৬.৫	২৫.৮

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সৈয়দপুর ৩৮.৪° সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ২৪.৪° সে.।  
তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

৫।

অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৩ মে, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৪ মে, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ০৯টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	১	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	৩	০	০
৬।	চট্টগ্রাম	০	০	০
৭।	খুলনা	২	০	০
৮।	রংপুর	১	০	০
	মোট	০৯	০	০

১৫-০৫-২০২৪

জাহিদ হাসান

ভারপ্রাপ্ত কর্মকর্তা

৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)

৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১৩৫/১ (১৩)

১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ;
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- ৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- ৪। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ;

- ৫। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
- ৬। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
- ৭। বিভাগীয় কমিশনার (সকল);
- ৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;
- ৯। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
- ১০। জেলা প্রশাসক (সকল);
- ১১। প্রোগ্রামার (চলতি দায়িত্ব), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
- ১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। এবং
- ১৩। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।



*(Handwritten signature)*

১৫-০৫-২০২৪

জাহিদ হাসান

ভারপ্রাপ্ত কর্মকর্তা